গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সাধারণ শাখা
www.rajshahidiv.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটি'র ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | **৩০ জানুয়ারি ২০২৪খ্রি.** |
| সভার সময় | **সকাল ১০.০০টা** |
| স্থান | বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | **পরিশিষ্ট 'ক'** |

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রাজশাহী সভাকে জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে এ কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৪ এ উল্লিখিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১.১ কার্যক্রম অংশে **'নৈতিকতা কমিটির'** সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। সভায় নৈতিকতা কমিটির কর্মপরিধি অনুযায়ী বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। তাছাড়া এ কার্যালয়ের আওতাধীন দপ্তরসমূহের শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায় চিহ্নিতকরণ ও দূরীকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

| ক্র:নং | গত সভার তারিখ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়িত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২১/১১/২০২৩খ্রি. | ১৫টি | ১৫টি | ১০০% |

অত:পর সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ:** সভাপতি এ কার্যালয়ের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য সম্পর্কে জানতে চাইলে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) জানান যে, চলতি ২০২৩-২৪ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে কিছু অন্তরায় লক্ষ্য করা হয়েছে তা নিম্নে আলোচনা করা হলো।<br><br>(ক) মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে ২০২৩-২৪অর্থবছর থেকে শুরু হয় সংস্কার ও সুশাসনমূলক বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনার অংশ হিসেবে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত ত্রৈমাসিক/বার্ষিক অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ) NIS Online Software nis.cabinet.gov.bd মাধ্যমে দাখিল করা হচ্ছে, এ ক্ষেত্রে দেখা যায় যে, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অর্থবছরের নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সূচকের প্রমাণক রাজশাহী, নাটোর, নওগাঁ, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট জেলা প্রশাসকের কার্যালয় হতে সংশ্লিষ্ট সূচক অর্জনের স্বপক্ষে সঠিক প্রমাণ দাখিল করা হয় নি। আবার বগুড়া ও সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয় থেকে প্রমাণক দাখিল করেছে কিন্তু কোন অর্জন দেয়া হয়নি । প্রত্যেকটি সূচকের প্রমাণক কি হবে তা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত আঞ্চলিক ও মাঠ পর্যায়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এ উল্লেখ করা হয়েছে। | nis.cabinet.gov.bd সফটওয়্যারে প্রত্যেকটি সূচকের অর্জনের স্বপক্ষে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত নির্দেশিকা অনুযায়ী প্রমাণক দাখিল করতে হবে। | জেলা প্রশাসক রাজশাহী, নাটোর, নওগাঁ, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট |

| | | | |
|---|---|---|---|
| ০২. | আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইট পরিবীক্ষণকালে দেখা যায় যে, NIS Online Software nis.cabinet.gov.bd ওয়েবসাইটে দাখিলকৃত শুদ্ধাচার সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৩-২৪ স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করা নেই। | NIS Online Software nis.cabinet.gov.bd ওয়েবসাইটে দাখিলকৃত শুদ্ধাচার সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৩-২৪ স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ |
| ০৩. | জেলা প্রশাসকের কার্যালয় নওগা এর শুদ্ধাচার সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য হালনাগাদ নেই। এবং বগুড়া জেলা প্রশাসকের কার্যালয়ের শুদ্ধাচার সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে একই ব্যক্তির তথ্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও অতিরিক্ত জেলা প্রশাসক মানবসম্পদ উন্নয়ন কে দেয়া রয়েছে তবে দুইটি দায়িত্বে বর্তমানে ভিন্ন ভিন্ন ব্যক্তি রয়েছেন। | শুদ্ধাচার সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য হালনাগাদ করে স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | জেলা প্রশাসক নওগাঁ ও জেলা প্রশাসক বগুড়া |
| ০৪. | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী nis.cabinet.gov.bd সফটওয়্যারে দাখিলপূর্বক স্ব স্ব ওয়েবসাইটে ত্রৈমাসিক প্রতিবেদন আপলোড পাওয়া যাচ্ছে না। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী nis.cabinet.gov.bd সফটওয়্যারে দাখিলপূর্বক স্ব স্ব ওয়েবসাইটে ত্রৈমাসিক প্রতিবেদন আপলোড করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ |
| ০৫. | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা প্রতি অর্থবছরে ০৪টি আয়োজন করার নির্দেশনা রয়েছে। তার মধ্যে ০২টি সভা মাঠ পর্যায়ে সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ে গত ৩১/০৮/২০২৩খ্রি. তারিখ এবং নওগাঁ জেলা প্রশাসকের কার্যালয়ে গত ২৯/১০/২০২৩খ্রি. তারিখ অনুষ্ঠিত হয়েছে। বাকি ০২টি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভা এ কার্যালয়ে আয়োজন করার বিষয়ে নির্দেশনা রয়েছে। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আগামী মার্চ ২০২৪ মাসের মধ্যে আয়োজন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সাধারণ শাখা এ কার্যালয় |
| ০৬. | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ গত ০৪/১২/২০২৩খ্রি. তারিখ আয়োজন করা হয়েছে। ২য় অর্ধবার্ষিক এ আরও একটি প্রশিক্ষণ আয়োজন করার নির্দেশনা রয়েছে। | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আগামী মার্চ ২০২৪ মাসের প্রথম সপ্তাহের মধ্যে আয়োজন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সাধারণ শাখা এ কার্যালয় |
| ০৭. | টিআর বরাদ্দের গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নে স্বচ্ছতা আনয়নের জন্য প্রতিটি জেলা প্রশাসকের কার্যালয়ের টিআর প্রদানের তালিকা স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করা যেতে পারে। | টিআর বরাদ্দের গৃহীত প্রকল্পসমূহ স্বচ্ছতা আনয়নের জন্য স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ |
| ০৮. | **বিবিধ**: শুদ্ধাচার সংক্রান্ত যেমন নির্দেশিকা মন্ত্রিপরিষদ বিভাগ প্রকাশ করেছে তেমনি সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য নির্দেশিকা প্রকাশ করেছে। প্রতিটি জেলা প্রশাসকের কার্যালয়ে সংশ্লিষ্ট অংশ অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়ন ত্রৈমাসিক প্রতিবেদন উদ্ধতন অফিসে প্রেরণের নির্দেশনা রয়েছে। | শুদ্ধাচার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ |

সকলকে দাপ্তরিক কার্যক্রমে ও জীবনাচরণে নৈতিকতা চর্চার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



০৪-০২-২০২৪

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
বিভাগীয় কমিশনার
০২৫৮৮৮৫৭২৩৩ (ফোন)
০২৫৮৮৮৫৭৫২৯ (ফ্যাক্স)
divcomrajshahi@mopa.gov.bd

তারিখ: ২১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০৫.৪৩.০০০০.০১২.০১.০০৪.২৪.৫৯

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৩। পরিচালক, স্থানীয় সরকার, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৪। অতিরিক্ত বিভাগীয় কমিশনার, সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;

৫। জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/বগুড়া/সিরাজগঞ্জ/জয়পুরহাট;
৬। উপসচিব, শুদ্ধাচার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ ;
৭। সিনিয়র সহকারী কমিশনার, মাঠ প্রশাসন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৮। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৯। সহকারী কমিশনার, রাজস্ব শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এবং
১০। সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।

০৪-০২-২০২৪
ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
বিভাগীয় কমিশনার